

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২১, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ৭ অগ্রহায়ণ ১৪১৮ বঙ্গাব্দ/২১ নভেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৫১-আইন/২০১১/৬২২-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরনামা সংখ্যা (Heading Nos) 84.15 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (3) এ বর্ণিত এয়ারকন্ডিশনার, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

শর্তাবলী ঃ

- (ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;
- (খ) সংশ্লিষ্ট এয়ারকন্ডিশনার উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বিনিয়োগ বোর্ড হইতে উৎপাদক হিসেবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (গ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মোল্ড ও ডাইস তৈরীর প্লাস্ট ও সংশ্লিষ্ট মেশিনারী যেমন, Coordinate Measuring Machine with 3D Laser Scanner, Chemical Composition Analysis Testing Machine, Standard Servo Type Universal Testing Machine, CNC (Computer

( ১৪৮১৯ )

মূল্য ঃ টাকা ২.০০

Numerical Control) Milling Machine, CNC Lethe Machine, Vertical Milling Machine, Vertical Machining Centre (VMC), Electric Discharge Machine (EDM), Wire Cut Machine, Vertical Pipe Expander Machine, Hairpin Bender Machine, Return U-bender Machine, Ring Setting Machine, L-Shaped Coil bender Machine, Coil in Line Brazing Machine, Heat Treatment Furnace, Plastic Injection Molding Machine, Styrofoam making Plant with Boiler, Power Press Machine, Hydraulic Press Machine, Psychometric Testing Machine, Automatic Wire Straightening & Cutting Machine, Shearing Machine, Powder Coating Plant, ETP, Ultrasonic welding Machine, Heating Treatment Oven, Movement Balance Checking Machine, Nitrogen Generator Machine, Air Compressor, Assembling Line and Packing Unit থাকিতে হইবে;

- (ঘ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কমপক্ষে ৩০% মূল্য সংযোজন করিতে হইবে;
- (ঙ) অব্যাহতি প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট এয়ারকন্ডিশনার উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে; এবং
- (চ) উক্ত আবেদনের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত নিম্নে বর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে;

**কমিটি গঠন :**

- (১) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;
- (২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
- (৩) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা।
- (ছ) দফা (চ) তে বর্ণিত কমিটি অনধিক ১০ (দশ) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে, অতঃপর বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করিবে। অনুমোদনের তারিখ হইতে এই সুবিধা প্রদান করা হইবে।

২। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা আগামী ৩০ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাসিরউদ্দীন আহমেদ**  
সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd